# হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

## পোস্টগ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ

জানুয়ারি-জুন/২০২৬ সেমিস্টারে এম.এস./এম.এস.সি কোর্সে ছাত্র-ছাত্রী

**ভর্তি বিজ্ঞপ্তি**

স্মারক নংঃ হাবিপ্রবি/পিজিএস/৩৬০০

তারিখঃ ৩০ অগ্রহায়ন ১৪৩২ / ১৫ ডিসেম্বর ২০২৫

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জানুয়ারি-জুন/২০২৬ সেমিস্টারে নিম্নোক্ত বিভাগ ও বিষয় সমূহে তিন অথবা দুই সেমিস্টার (১৮ মাস ও ১২মাস) মেয়াদি এম.এস./এম.এস.সি কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ভর্তিচ্ছু যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| কোর্সের নাম | অনুষদ | বিভাগ | বিষয় |
|---|---|---|---|
| এম.এস./ এম.এস.সি | কৃষি | কৃষিতত্ত্ব | কৃষিতত্ত্ব |
| | | উদ্যানতত্ত্ব | উদ্যানতত্ত্ব |
| | | কীটতত্ত্ব | কীটতত্ত্ব |
| | | কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন | কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন |
| | | কৃষি সম্প্রসারণ | কৃষি সম্প্রসারণ |
| | | কৃষি রসায়ন | কৃষি রসায়ন |
| | | বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি | বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকুলার বায়োলজি |
| | কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং |
| | | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং |
| | | ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং |
| | ইঞ্জিনিয়ারিং | এগ্রিকালচারাল অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং | ক) ইরিগেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট<br>খ) ফার্ম পাওয়ার এন্ড মেশিনারী |
| | | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন |
| | | ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি | ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি |
| | | ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন | ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন |
| | ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স | মাইক্রোবায়োলজি | (ক) মাইক্রোবায়োলজি<br>(খ) ভেটেরিনারি পাবলিক হেল্থ এন্ড ফুড হাইজিন |
| | | প্যাথলজি অ্যান্ড প্যারাসাইটোলজি | (ক) প্যাথলজি (খ) প্যারাসাইটোলজি |
| | | ডেইরি অ্যান্ড পোল্ট্রি সায়েন্স | ডেইরি অ্যান্ড পোল্ট্রি সায়েন্স |
| | | এনাটমি অ্যান্ড হিস্টোলজি | এনাটমি অ্যান্ড হিস্টোলজি |
| | | এনিম্যাল সায়েন্স অ্যান্ড নিউট্রিশন | (ক) এনিম্যাল সায়েন্স (খ) এনিম্যাল নিউট্রিশন |
| | | জেনেটিক্স অ্যান্ড এনিম্যাল ব্রিডিং | জেনেটিক্স অ্যান্ড এনিম্যাল ব্রিডিং |
| | | মেডিসিন, সার্জারি এন্ড অবস্টেট্রিক্স | ক) মেডিসিন খ) সার্জারি গ) থেরিওজেনোলজি |
| | | ফিজিওলজি অ্যান্ড ফার্মাকোলজি | (ক) ফিজিওলজি (খ) ফার্মাকোলজি |

**ভর্তির যোগ্যতা ও শর্তাবলীঃ**

ক) অত্র বিশ্ববিদ্যালয়ের এম.এস./ এম.এস.সি কোর্সে ভর্তির জন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম স্নাতক অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে।

খ) কোর্স ক্রেডিট পদ্ধতিতে পাশকৃত প্রার্থীর জি.পি.এ ৪ এর মধ্যে কমপক্ষে ২.৫ অথবা ৫ এর মধ্যে কমপক্ষে ৩.৫ এবং সংশ্লিষ্ট বিষয়ে $C^+$ গ্রেড থাকতে হবে।

গ) কোর্স ক্রেডিট পদ্ধতি বর্হিভূত প্রার্থীর ক্ষেত্রে গড়ে ৫০% নম্বর এবং ভর্তিচ্ছু বিষয়ে ৫০% নম্বর থাকতে হবে।

ঘ) সকল চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নম্বর শিথিলযোগ্য।

**ভর্তির অন্যান্য তথ্যাদি ঃ**

১) হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চত্বরে অবস্থিত রূপালী ব্যাংক লিঃ এর শাখায় ৭০০/- টাকা মাত্র প্রদানপূর্বক আবেদনের জন্য উক্ত ব্যাংকে রক্ষিত নির্দ্ধারিত ফরম **২১/১২/২০২৫** হতে সংগ্রহ করা যাবে এবং তা পূরণ করে সর্বশেষ **১৫/০১/২০২৬** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ভর্তিচ্ছু বিভাগে জমা দিতে হবে।

২) আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সত্যায়িত সার্টিফিকেট, মার্কশীট ও তিন কপি (পাসপোর্ট সাইজ) ছবিসহ প্রয়োজনীয় সকল কাগজ পত্রাদি সংযোজন করতে হবে।

৩) অন্য বিশ্ববিদ্যালয়ের ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত এক (০১) কপি স্ট্যাম্প সাইজের ছবি এবং এক (০১) কপি সত্যায়িত পাসপোট সাইজের ছবি দিতে হবে।

৩) চাকুরীরত প্রার্থীকে অবশ্যই দরখাস্তের সাথে নিজ নিজ বিভাগীয় নিয়োগকর্তার নিকট থেকে শিক্ষা ছুটির আদেশ/প্রত্যয়ন সংযোজন করতে হবে এই মর্মে যে, অধ্যয়নকালে প্রার্থীকে তিন সিমেস্টারব্যাপী (১৮ ও ১২ মাস) শিক্ষা ছুটি প্রদান করবেন।

৪) সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান সকল আবেদন যাচাই-বাছাই পূর্বক শুধুমাত্র ভর্তিযোগ্য আবেদনপত্রসমূহ সুপারিশসহ সর্বশেষ **২২/০১/২০২৬** তারিখের মধ্যে ডীন, পোস্টগ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদের অফিসে পাঠাতে হবে।

৫) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে বর্নিত তারিখের মধ্যে ডীন, পোস্টগ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদের অফিস হতে ভর্তি ফি জমাদানের রশিদ সংগ্রহ করে রূপালী ব্যাংক লিঃ, হাবিপ্রবি,শাখায় নির্দ্ধারিত টাকা জমা দিয়ে একই অফিস থেকে ভর্তি ফরম সংগ্রহ করে এবং তা পূরণ করে উল্লেখিত তারিখের মধ্যে টাকা জমাদানের রশিদসহ পূরণকৃত ভর্তি ফরম জমা দিতে হবে। **উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর আর কোন ছাত্র/ছাত্রী ভর্তি করানো হবে না।**

**ভর্তি ফরম উত্তোলন ও জমাদানের সময়সীমা**

| ক্র.নং | অনুষদ | ফরম উত্তোলন ও জমাদানের তারিখ |
|---|---|---|
| ১. | কৃষি + ভেটেরিনারি অ্যান্ড এনিম্যাল সায়েন্স | ০১-০২-২০২৬ থেকে ০২-০২-২০২৬ |
| ২. | কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং + ইঞ্জিনিয়ারিং | ০৩-০২-২০২৬ |

৬) ক্লাশ ০৪/০২/২০২৬ তারিখ হতে শুরু হবে।

৭) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অস্পষ্ট এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল ব্যতীত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**৮) শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা তথ্য ডিজিটালাইজেশন এর জন্য বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.hstu.ac.bd) দেওয়া গুগল ফরম ০৪/০২/২০২৬ তারিখের মধ্যে পূরণপূর্বক অনলাইনে সাবমিট করবেন। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

ডীন ১৫/১২/২০২৫

পোস্টগ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ, হাবিপ্রবি, দিনাজপুর।